



অবি লম্বে প্রকাশে র উদ্দেশ্যে: 9/22/2021

গভর্নর ক্যাথি হোচুল

ভোক্তাদের হিটিং ইউটিলিটি সহায়তা প্রদানের জন্য গভর্নর হোচুলের 150 মিলিয়ন ডলার বরাদ্দ করার ঘোষণা

নিম্ন-আয়ের পরিবার ও নিউ ইয়র্কের জরুরি ভাড়াটিয়া সহায়তা কর্মসূচির (Emergency Rental Assistance Program) মাধ্যমে বকেয়া ইউটিলিটি পাওয়ার উপযুক্ত নন এমন ব্যক্তিদের জন্য সম্পূরক সহায়তা

ইউটিলিটির পেমেন্ট পরিশোধ করার বর্ধিত সময় শেষ হয়ে যাওয়ার পর সংযোগ বিচ্ছিন্ন হওয়া এড়াতে নিউ ইয়র্কবাসীদের সাহায্য করতে গৃহ জ্বালানি সহায়তা কর্মসূচির (Home Energy Assistance Program) মাধ্যমে প্রদান করা তহবিল

গভর্নর ক্যাথি হোচুল আজ ঘোষণা করেছেন যে কোভিড-19 মহামারীর সময়ে ইউটিলিটি বিল পরিশোধ করার ক্ষেত্রে পিছিয়ে পড়েছেন এমন নিম্ন-আয়ের পরিবারগুলোকে সাহায্য করার জন্য তহবিল এখন লভ্য রয়েছে। নিউ ইয়র্ক স্টেটের অফিস অব টেম্পোরারি অ্যান্ড ডিজেনিটি অ্যাসিস্ট্যান্স (Office of Temporary and Disability Assistance) কর্তৃক বরাদ্দ করা নিয়মিত বকেয়া সম্পূরক সেসব পরিবারগুলোর লভ্য রয়েছে যারা গৃহ জ্বালানি সহায়তা কর্মসূচির (HEAP) জন্য যোগ্য এবং যারা হিটিং ইউটিলিটি বিল পরিশোধ করার ক্ষেত্রে পিছিয়ে আছেন, কিন্তু নিউ ইয়র্ক স্টেটের প্রদান করা জরুরি ভাড়াটিয়া সহায়তা কর্মসূচির জন্য যোগ্য নন এমন।

"বৈশ্বিক স্বাস্থ্য সংকট বহু নিউ ইয়র্কবাসীর সংগ্রামের মানুষের দিকে দৃষ্টি আকর্ষণ করেছে, যাদের মধ্যে ইউটিলিটি বিল পরিশোধ করার ক্ষেত্রে পিছিয়ে পড়া হাজার হাজার পরিবারও অন্তর্ভুক্ত রয়েছে," বলেছেন গভর্নর হোচুল। "এই গুরুত্বপূর্ণ সহায়তা এই পরিবারগুলোকে মহামারীর সময়ে জমা হয়ে যাওয়া ইউটিলিটি বিলগুলো পরিশোধ করতে সাহায্য করবে এবং সামনের মাসগুলোতে সংযোগ বিচ্ছিন্ন হওয়ার সম্ভাবনা এড়াতে সাহায্য করবে।"

HEAP-এর যোগ্য পরিবারগুলোর জন্য নিয়মিত বকেয়া সম্পূরকের মাধ্যমে এখন থেকে শুরু করে 2022 সালের সেপ্টেম্বর পর্যন্ত অথবা তহবিলের ফুরিয়ে না যাওয়া পর্যন্ত এককালীন পেমেন্টের জন্য 150 মিলিয়ন ডলার লভ্য রয়েছে। 2021 সালের আমেরিকান রেসকিউ প্ল্যান অ্যাক্ট (American Rescue Plan Act) এর মাধ্যমে প্রাপ্ত এই ফেডারেল তহবিল সর্বোচ্চ 10,000 ডলার পর্যন্ত জমে যাওয়া সকল হিটিং ইউটিলিটি বকেয়া কভার করবে এবং ডিসেম্বরের শেষে ইউটিলিটি বিলগুলো পরিশোধের বর্ধিত সময় শেষ হয়ে আসার এই সময়ে পাওয়া যাবে।

2021 সালের মার্চ পর্যন্ত আনুমানিক 83,000 HEAP গ্রহীতা তাদের ইউটিলিটি বিল পরিশোধের ক্ষেত্রে পিছিয়ে পড়েছেন, যেখানে এই পরিবারগুলোর আনুমানিক 1,370 ডলার গড় বকেয়া দেনা হয়ে আছে, যা স্টেটব্যাপী আনুমানিক 113 মিলিয়ন ডলার। জরুরি ভাড়া সহায়তা কর্মসূচি যোগ্য ভাড়াটিয়াদের জন্য বকেয়া সহায়তা প্রদান করলেও, বাড়ির মালিকরা এবং যেসব ভাড়াটিয়ার ভাড়া বকেয়া নেই এমন তারা এই সহায়তা পাওয়ার যোগ্য নন, মিউনিসিপ্যালিটির মালিকানাধীন ইউটিলিটির গ্রাহকরাও এর অন্তর্ভুক্ত।

OTDA কমিশনার মাইক হেইন বলেন, "বহু নিম্ন-আয়ের নিউ ইয়র্কবাসী বৈশ্বিক মহামারী শুরু হওয়ার আগেও ইউটিলিটি বিলের আর্থিক বোঝা বহন করতে গিয়ে হিমশিম খাচ্ছিলেন। এই অতি গুরুত্বপূর্ণ সহায়তাটি এসব বোঝা কিছুটা হালকা করতে সাহায্য করবে এবং এই পরিবারগুলোকে ইউটিলিটির সংযোগ বিচ্ছিন্ন হয়ে যাওয়ার ভয়ানক সম্ভাবনা এড়াতে সাহায্য করবে।"

আবেদনকারীদের অবশ্যই একটি নিয়মিত HEAP সুবিধা পাওয়ার সকল শর্ত পূরণ করতে হবে, যেগুলো আয় ও পরিবারের আকার অনুযায়ী ভিন্ন হয়, এবং সক্রিয় কালেকশনে অথবা অন্যথায় সংযোগ বিচ্ছিন্ন হয়ে যাওয়ার অথবা পরিষেবার সমাপ্তি ঘটানোর আশংকার সম্মুখীন অবস্থায় থাকতে হবে। এছাড়াও আবেদনকারীরা রেকর্ডে উল্লিখিত ইউটিলিটি গ্রাহক হতে হবে অথবা সরাসরি ইউটিলিটির পেমেন্ট করতে হবে।

সহায়তার আবেদনগুলো সোশ্যাল সার্ভিসের স্থানীয় ডিপার্টমেন্টগুলোতে সরাসরি অথবা টেলিফোনের মাধ্যমে গ্রহণ করা হবে, এবং আগে আসলে আগে পাবেন ভিত্তিতে তহবিল প্রদান করা হবে। কাউন্টি অনুযায়ী স্থানীয় অফিসগুলোর একটি তালিকা এখানে পাওয়া যাবে। নিউ ইয়র্ক সিটির বাইরের বাসিন্দারাও নিয়মিত হিটিং সহায়তা সুবিধা পাওয়ার জন্য অনলাইনে আবেদন করতে পারবেন। নিউ ইয়র্ক সিটির বাসিন্দারা এখানে আবেদনপত্র ডাউনলোড করতে এবং কর্মসূচি সম্পর্কে তথ্য সংগ্রহ করতে পারবেন।

###

অতিরিক্ত সংবাদ পাওয়া যায় www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবন্ধাইব করুন